গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ডাক বিভাগ

ডেপুটি পোস্টমাস্টার জেনারেল এর কার্যালয়
ফরিদপুর বিভাগ, ফরিদপুর-৭৮০০

স্মারক নম্বরঃ স্মার্ট পোস্টাল সার্ভিস/শরীয়তপুর প্রধান ডাকঘর,   তারিখ, ফরিদপুরঃ ২১-০৪-২০২৪ খ্রিঃ।

উদ্যোক্তা নিয়োজন/নিযুক্তি বিজ্ঞপ্তি

শরীয়তপুর প্রধান ডাকঘরের স্মার্ট পোস্টাল সার্ভিস পয়েন্ট- এ উদ্যোক্তা হিসেবে দায়িত্ব পালনের জন্য ১ জন নারী এবং ১ জন পুরুষ অস্থায়ী ভিত্তিতে নিযুক্ত/নিয়োজনের লক্ষে শরীয়তপুর জেলায় বসবাসরত নাগরিকগণের নিকট হতে অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে।

ক্রমিক নম্বর	পদের নাম	জেলার নাম	পদের সংখ্যা	প্রার্থীর যোগ্যতা	মন্তব্য
১.	উদ্যোক্তা (লেটার রাইটার), স্মার্ট পোস্টাল সার্ভিস পয়েন্ট	শরীয়তপুর জেলা, শরীয়তপুর।	২ জন (১ জন নারী এবং ১ জন পুরুষ)	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে নূন্যতম উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার পরিচালনা, নাগরিক সেবা প্রদানের বাস্তব অভিজ্ঞতা ও তথ্য প্রযুক্তি সম্পর্কে দক্ষতা; (গ) নিজ খরচে স্মার্ট পোস্টাল সার্ভিস পয়েন্ট এর জন্য প্রয়োজনীয় উপকরণ (কম্পিউটার, ল্যাপটপ, প্রিন্টার, স্ক্যানার এবং আসবাবপত্র ক্রয় করার সামর্থ; (ঘ) স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে প্রযুক্তি নির্ভর ডিজিটাল সেবা ও আর্থিক অর্ন্তভুক্তিমূলক সেবা কার্যক্রম পরিচালনার সক্ষমতা থাকতে হবে; (ঙ) কম্পিউটার চালনায় MS Office এ পারদর্শী হতে হবে। (চ) রাষ্ট্র বিরোধী বা ফৌজদারী অপরাধের অভিযোগমুক্ত হতে হবে; (ছ) পূর্বে জনবান্ধব সেবা প্রদানকারী এং অভিজ্ঞদের অগ্রাধিকার প্রদান করা হবে; (জ) কম্পিউটার বিষয়ক কোন প্রশিক্ষণ কোর্সধারীরা (সনদ বাধ্যতামূলক) এ ক্ষেত্রে অগ্রাধিকার পাবে।	

শর্তাবলী:

০১। আবেদন শুরুর তারিখ ২৫ এপ্রিল ২০২৪ খ্রিঃ এবং আবেদনের শেষ তারিখ ২রা মে ২০২৪ খ্রিঃ দিবাগত রাত ১১.৫৯ মি.।
(আবেদন লিংক (http://bdpost.eksheba.gov.bd/)।

০২। "একসেবা" প্লাটফর্মে আবদনের নিচের দিকে "মুক্তপাঠের" মাধ্যমে অনলাইন পরিক্ষায় যুক্ত হওয়ার জন্য রেজিস্ট্রেশন লিংক দেওয়া থাকবে। রেজিস্ট্রেশন লিংক-(https://muktopaath.gov.bd/registrstion/learner) এ লিংকে ক্লিক করে রেজিস্ট্রেশন করতে হবে। কোন ই-মেইল আইডি দিয়ে রেজিস্ট্রেশন করা যাবে না। আবেদনের সময় যে মোবাইল নাম্বার ব্যবহার করা হয়েছে সেই মোবাইল নাম্বার দিয়ে রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশন না করলে অনলাইন পরিক্ষায় অংশ গ্রহন করতে পারবেন না।

০৩। প্রার্থীকে জন্মসুত্রে বাংলাদেশের নাগরিক এবং স্থানীয় বাসিন্দা (পোস্ট কোডের আওতাধীন এবং অত্র এলাকায় নুন্যতম ৫ বছর বসবাসরত) হতে হবে।

০৪। প্রার্থীর বয়স ৩১ শে জানুয়ারি ২০২৪ খ্রিঃ তারিখে নুন্যতম ১৮ হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেবিট গ্রহনযোগ্য নয়।

০৫। অনলাইনে আবেদনের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবে।

ক) অনলাইন জন্ম সনদ এবং সকল শিক্ষাগত ও অভিজ্ঞতার সনদ পত্রের ফটোকপি।

খ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদপত্র এবং উদ্যোক্তা কর্তৃক কোন প্রকার অনিয়ম বিশৃংখল আচরনের ক্ষেত্রে দায় দায়িত্ব নিবেন এই মর্মে অত্র এলাকায় স্থায়ীভাবে বসবাসরত গন্যমান্য ব্যক্তি/নিকটাত্নীয়র নিকট হতে প্রত্যয়নপত্র।

গ) সদ্য তোলা ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি।

০৬। নিয়োগ পরীক্ষা লিখিত, ব্যবহারিক (কম্পিউটার) এবং মৌখিক যা অনলাইনে অনুষ্ঠিত হবে। প্রার্থীকে নির্বাচনী (লিখিত, ব্যবহারিক, (কম্পিউটার) এবং মৌখিক) পরীক্ষায় অংশ গ্রহনের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশ গ্রহন কালে নাগরিক সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদ, শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র, অভিজ্ঞতার সনদ, কম্পিউটার পারদর্শীতার সনদ সম্পর্কিত প্রমানক সনদপত্রের মূল কপি অবশ্যই প্রদর্শণ করতে হবে।

০৮। ইতোমধ্যে বিদ্যমান দক্ষ, সৎ, যোগ্য এবং উদ্যোক্তা হিসেবে সাফল্যের গল্প আছে এমন উদ্যোক্তাগণকে অগ্রাধিকার দেয়া হবে।

০৯। উদ্যোক্তা হিসেবে নিযুক্ত/নিয়োজনের বিষয়ে কোন প্রকার প্রত্যক্ষ বা পরোক্ষ তদবীর/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে গন্য হবে।

১০। কোন কারন দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এবং কমিটি এ নিযুক্তি কার্যক্রম স্থগিত, শর্ত পরিবর্তন, সংযাজন এবং বাতিলের ক্ষমতা সংরক্ষন করেন। এছাড়া ও আবেদন বাছাই ও নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

Scanned with CamScanner

১১। স্মার্ট পোস্টাল সার্ভিস পয়েন্ট এর উদ্যোক্তার পদটি সরকারি/আউট সোর্সিং/অন্য কোন চাকুরির পদ না। এমনকি উদ্যোক্তার পদকে স্থায়ী বা সরকারি করণের জন্য ভবিষ্যতে কোন আবেদন বা অন্য কোন পদক্ষেপ গ্রহন করা যাবে না।

১২। উদ্যোক্তা হিসেবে নিযুক্তির পর উদ্যোক্তার কার্যক্রম/আচরণে কোন প্রকার অসংগতি লক্ষ্য করা গেলে উদ্যোক্তা নিযুক্তিকরণ/নিয়োজনকারি কর্মকর্তা উদ্যোক্তা নিযুক্তির আদেশ বাতিল করতে পারবেন।

১৩। স্মার্ট পোস্টাল সার্ভিস পয়েন্ট এ উদ্যোক্তা হিসেবে দায়িত্ব পালনের জন্য সরকারের পক্ষ থেকে কোন প্রকার বেতন/ভাতা/সম্মানী ইত্যাদি প্রদান করা হবে না। গ্রাহক সাধারণকে সেবা প্রদান বাবদ প্রাপ্ত আয় সংশ্লিষ্ট নীতিমালা অনুযায়ী গ্রহন করবেন।

১৪।১২৪

(মোহাম্মদ কামাল হোসেন)
পোস্ট অফিস পরিদর্শক (প্রশাসন)
ফরিদপুর বিভাগ, ফরিদপুর - ৭৮০০।
ও
সদস্য সচিব, উদ্যোক্তা নিয়োজন/নিযুক্তি কমিটি।

সদয় জ্ঞাতার্থে এবং বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো।

১। জেলা প্রশাসক, শরীয়তপুর।
২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, শরীয়তপুর সদর উপজেলা, শরীয়তপুর।
৩। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, শরীয়তপুর জেলা।
৪। উপজেলা চেয়ারম্যান, শরীয়তপুর সদর উপজেলা, শরীয়তপুর।
৫। মেয়র, শরীয়তপুর পৌরসভা, শরীয়তপুর।
৬। সভাপতি/সাধারণ সম্পাদক, শরীয়তপুর প্রেস ক্লাব, শরীয়তপুর।
৭। তথ্য অফিসার, শরীয়তপুর সদর উপজেলা, শরীয়তপুর।
৮। চেয়ারম্যান (সকল), শরীয়তপুর সদর উপজেলা, শরীয়তপুর।
৯। ইউপি সচিব (সকল), শরীয়তপুর সদর উপজেলা, শরীয়তপুর।
১০। অফিস কপি।

১৪।১২৪

সদস্য সচিব, উদ্যোক্তা নিয়োজন/নিযুক্তি কমিটি।

Scanned with CamScanner